

রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্রসংসদ নির্বাচনের তারিখ ঘোষণা

বেরোবি প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শিক্ষার্থী সংসদ (ব্রাকসু) ও হল সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আগামী ২৯ ডিসেম্বর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (১৮ নভেম্বর) রাত ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. শাহজামান আনুষ্ঠানিকভাবে তফসিল ঘোষণা করেন। এ সময় বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঘোষিত তফসিল অনুযায়ী ১৮ নভেম্বর আচরণবিধির খসড়া সিন্ডিকেট সভাপতির কাছে পাঠানো হবে। ২২ নভেম্বর প্রকাশ করা হবে খসড়া ভোটার তালিকা। আর ২৪ নভেম্বর দুপুর ১টা থেকে ৫টা পর্যন্ত ভোটার তালিকা নিয়ে আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করা হবে। এরপর ২৬ নভেম্বর প্রকাশ করা হবে চূড়ান্ত ভোটার তালিকা।

৩০ নভেম্বর থেকে ১ ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র বিতরণ করা হবে। মনোনয়নপত্র দাখিলের সময় নির্ধারণ করা হয়েছে ২ ও ৩ ডিসেম্বর, প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। মনোনয়নপত্র বাছাই করা হবে ৪ থেকে ৬ ডিসেম্বর।

৭ ডিসেম্বর প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশের পর ৮ ডিসেম্বর দুপুর ১২টা থেকে ৪টা পর্যন্ত আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করা হবে।

৯ ডিসেম্বর সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। ১০ ডিসেম্বর অনুষ্ঠিত হবে প্রার্থীদের ডোপ টেস্ট,

আর ১৩ ডিসেম্বর প্রকাশ করা হবে চূড়ান্ত প্রার্থী তালিকা।

সবশেষে ২৯ ডিসেম্বর সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে ভোটগ্রহণ। ভোট শেষে গণনা করা হবে এবং পরই ঘোষণা করা হবে ফলাফল।

দীর্ঘদিনের আন্দোলন সংগ্রামের পর গত ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয় আইনে শিক্ষার্থী সংসদ সংক্রান্ত ধারা যুক্ত হয়।

পরে ৪ নভেম্বর ১১৬তম সিল্ডিকেট সভায় ড. ফেরদৌস রহমানকে প্রধান নির্বাচন কমিশনার করে ছয় সদস্যের কমিশন গঠন করা হলেও দায়িত্ব গ্রহণের আগেই তিনি পদত্যাগ করেন। এ অবস্থায় ১১ নভেম্বর জরুরি সিল্ডিকেট সভায় অধ্যাপক ড. মো. শাহজামানকে প্রধান নির্বাচন কমিশনার করে কমিশন পুনর্গঠন করা হয়।

তবে কমিশন গঠনের পরও তফসিল ঘোষণা না হওয়ায় শিক্ষার্থীরা গত ১৭ নভেম্বর ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন। দাবি আদায়ে মঙ্গলবার সকাল থেকেই তারা প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন। অবশেষে রাতে তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।

